

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭২

তারিখ: ২৩ মার্চ ১৪২৬

০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:
দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

শৈত্য প্রবাহঃ রাজশাহী, পাবনা ও শ্রীমঙ্গল অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘণ্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা রয়েছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৬.২	২৫.২	২৭.২	২৬.২	২৫.০	২৫.৫	২৬.৫	২৬.৬
সর্বনিম্ন তাপমাত্রা	১১.২	১১.২	১০.৫	০৭.৯	০৯.৫	০৬.৫	১০.৫	১১.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল চাঁদপুর ২৭.২° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৬.৫°সে।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৪/০২/২০২০খ্রি: তারিখ রাত ১২.০০টা থেকে ০৫/০২/২০২০খ্রি: তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪২টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৯	০	০
২।	ময়মনসিংহ	৮	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	৪	৩	১
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	৬	০	০
৮।	খুলনা	৭	০	০
	মোট	৪২	৩	১

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

হবিগঞ্জঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং জেলা প্রশাসন, হবিগঞ্জ থেকে টেলিফানের মাধ্যমে জানানো হয়েছে যে, গতকাল ০৫/০২/২০২০খ্রি: তারিখ সকাল ৮.৩০টায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ পৌরসভার দিঘির হাটা এলাকায় ওসমানী সড়কে একটি অটো রাইস মিলের ত্রয়ীর বিস্ফোরণের ফলে ১ জন নিহত হয়েছে এবং ৩ জন আহত হয়েছে।

ক্রঃ নং	নিহতের নাম, বয়স এবং পিতা/স্বামীর নাম	ঠিকানা	মন্তব্য
১	নাছির মিয়া (৪০), পিতা- আব্দুর রশিদ	গ্রাম - ভোগিরবাদ নবীগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দেয়া বরাদ্দ থেকে জেলা প্রশাসন কর্তৃক মৃত ব্যক্তির পরিবারকে ২৫

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭২/১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৩) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ: ২৩ মার্চ ১৪২৬

০৬ ফেব্রুয়ারি ২০২০

- ৪) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
৫) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৬-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)